

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণযোগাযোগ অধিদপ্তর
তথ্য ভবন
১১২, সার্কিট হাউজ রোড, রমনা, ঢাকা-১০০০
www.masscommunication.gov.bd

স্মারক নং: ১৫.৫৬.২৬৬৬.০০২.৯৯.০২৫.১৫(অংশ-৩)/ ৪৩০২(৪০)

তারিখ: ১০.১২.২০১৯খ্রি.

বিষয়: উদ্ভাবনী উদ্যোগের পাইলটিং বাস্তবায়ন।

উপর্যুক্ত বিষয়ের বরাতে জানানো যাচ্ছে যে, ২০১৯-২০২০ অর্থবছরে নিম্নবর্ণিত উদ্ভাবন উদ্যোগটির পাইলটিং বাস্তবায়ন করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:


মুক্তিযুদ্ধভিত্তিক চলচ্চিত্র প্রদর্শনীতে 'এসো মুক্তিযুদ্ধের গল্প শুনি' অনুষ্ঠান আয়োজন।

উদ্ভাবনী উদ্যোগটির পাইলটিং ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, কুমিল্লা ও মাগুরা জেলা তথ্য অফিস কর্তৃক বাস্তবায়িত হবে। উদ্ভাবনী উদ্যোগটির পাইলটিং হিসেবে সংশ্লিষ্ট তথ্য অফিসসমূহকে স্কুল/কলেজ পর্যায়ে ২টি অনুষ্ঠান বাস্তবায়ন করে ১৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখের মধ্যে বাস্তবায়ন প্রক্রিয়া, সমস্যা, সম্ভাবনা এবং ফিডব্যাকসহ বিস্তারিত সচিত্র প্রতিবেদন (স্মিরচিত্র ও অডিও-ভিডিও রেকর্ডিংসহ) হার্ডকপি ও সফটকপি এবং মূলকপিসহ ২ (দুই) কপি বিল-ভাউচার (সুপারিশসহ) সদর দপ্তরে প্রেরণের জন্য নির্দেশনা প্রদান করা হলো।

উক্ত চলচ্চিত্র প্রদর্শনীতে মুক্তিযুদ্ধের গল্প বলা ও কুইজের প্রশ্নোত্তর পর্ব পরিচালনার জন্য একজন বীর মুক্তিযোদ্ধার অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। প্রতিটি অনুষ্ঠান আয়োজনের জন্য ২০,০০০/- (বিশ হাজার) টাকা করে ২টি অনুষ্ঠান বাবদ সর্বমোট ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা ব্যয় করা যাবে। অনুষ্ঠান আয়োজন, পুরস্কার প্রদান, সম্মানী, ব্যানার তৈরি, যানবাহন/যাতায়াত, ছবি তোলা ও প্রিন্ট, অডিও-ভিডিও রেকর্ড করা, পিএ কভারেজের মালামাল লোডিং-আনলোডিং ইত্যাদি বাবদ ব্যয় করা যাবে।

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে এ কর্মসূচিটি বিশেষ গুরুত্ব দিয়ে আয়োজন, ডকুমেন্টেশন, পত্র-পত্রিকা ও সামাজিক যোগাযোগ মাধ্যমে প্রচারের ব্যবস্থা নিতে হবে।

গণযোগাযোগ অধিদপ্তরের সদর কার্যালয়ের ২০১৯-২০২০ অর্থবছরের গবেষণা খাত থেকে এ খরচ মেটানো হবে।


১০.১২.১৯

(মোঃ জাকির হোসেন)

মহাপরিচালক (চলতি দায়িত্ব)

ফোনঃ ৮৩০০৬৪০

dgmasscommunication@yahoo.com

প্রাপকঃ

উপপরিচালক/সিনিয়র তথ্য অফিসার/
তথ্য অফিসার, জেলা তথ্য অফিস,-----

অনুলিপি :

- ০১। জেলা প্রশাসক,-----
- ০২। পরিচালক (প্রশাসন ও অর্থ/প্রচার ও সমন্বয়/কারিগরি ও প্রশিক্ষণ), গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা।
- ০২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (তথ্য), হিসাব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
- ০৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা,-----
- ০৪। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৫। সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, গণযোগাযোগ অধিদপ্তর, ঢাকা